

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সুবায়মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-স্বাসবি/ইপ/সাবঅ-১৯/২০০৭(অংশ-১)-১১২

তারিখ : ২২ মাঘ, ১৪২২ বঙ্গাব্দ।
০৪ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিঃ।

অফিস আদেশ


যেহেতু, গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলার ০৬নং ধাপেরহাট ইউনিয়নের চেয়ারম্যান জনাব মোঃ শহিদুল ইসলাম শিপনের বিরুদ্ধে উত্থাপিত “কর্তৃপক্ষের বিনানুমতিতে ধাপেরহাট ইউনিয়ন ভূমি অফিসের ভেতরে অবস্থিত একটি পুরাতন ড্রেন থেকে প্রায় ১৮০০ (এক হাজার আটশত) খানা ইট অন্যত্র স্থানান্তর” সংক্রান্ত অভিযোগটি উপ-পরিচালক, স্থানীয় সরকার, গাইবান্ধা এর তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু এরূপ অভিযোগ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪ উপধারা (১) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, সাদুল্লাপুর উপজেলার ০৬নং ধাপেরহাট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ শহিদুল ইসলাম শিপন এর বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু উক্ত ইউপি চেয়ারম্যানকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২. এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।



(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-স্বাসবি/ইপ/সাবঅ-১৯/২০০৭(অংশ-১)-১১২/১(৫)

তারিখ : ২২ মাঘ, ১৪২২ বঙ্গাব্দ।
০৪ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১. জেলা প্রশাসক, গাইবান্ধা।
০২. উপজেলা নির্বাহী অফিসার, সাদুল্লাপুর, গাইবান্ধা।
০৩. জনাব মোঃ শহিদুল ইসলাম শিপন, চেয়ারম্যান (সাময়িকভাবে বরখাস্তকৃত), ০৬নং ধাপেরহাট ইউনিয়ন পরিষদ, সাদুল্লাপুর, গাইবান্ধা।
০৪. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।


(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব